

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০৬৩.১৪.০৫৭.১৯.৮০৪

তারিখ: ২৮ ভাদ্র ১৪২৮

১২ সেপ্টেম্বর ২০২১


বিষয়: বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে রাজশাহী জেলার তাহেরপুর পৌরসভা কর্তৃক বাস্তবায়নাধীন “জলবায়ু পরিবর্তনজনিত প্রভাব মোকাবেলার জন্য তাহেরপুর পৌর এলাকায় সৌর বিদ্যুতায়িত সড়ক বাতি স্থাপন” শীর্ষক প্রকল্পের ৪র্থ কিস্তির অর্থ ছাড়করণ প্রসঙ্গে।

সূত্র: রাজশাহী জেলার তাহেরপুর পৌরসভার স্মারক নং-৪৬.৪০.৮১১২.০৮৫.০২.০০১.২১.১১৭, তারিখ: ০৪/০৮/২০২১ খ্রি:।

উপর্যুক্ত বিষয়ে ও সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রকল্পের অনুকূলে ১৫৯টি বাতি বাবদ মোট ১৯৯.৬৭২ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়। তবে ১০% কম মূলে দরপত্র গৃহিত হওয়ায় ১৫৯টি বাতির মূল্য দাঁড়ায় ১,৭৯,৭০,৪৮০ টাকা। ফলে অবশিষ্ট অর্থ অর্থাৎ (১৯৯.৬৭২ লক্ষ - ১৭৯.৭০৪৮০ লক্ষ) = ১৯.৯৬৭২ লক্ষ টাকা দ্বারা আরো ১৭টি বাতি স্থানীয় জনগণের চাহিদার প্রেক্ষিতে এবং প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি)’র সভার সুপারিশের প্রেক্ষিতে প্রাক্কলিত ব্যয়ের মধ্যেই স্থাপন করা হয়েছে। এক্ষণে প্রকল্পের অনুকূলে বরাদ্দকৃত ১৯৯.৬৭২ লক্ষ টাকা থেকে ১ম, ২য় ও ৩য় কিস্তিতে ছাড়কৃত অর্থ বাদে অবশিষ্ট/৪র্থ কিস্তির অর্থ ছাড়ের নিমিত্ত বিভাজন অনুমোদনসহ ৪র্থ কিস্তির অর্থ ছাড়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সূত্রস্থ পত্রে অনুরোধ জানানো হয়েছে।

০২। উল্লেখ্য যে, প্রকল্পের অনুকূলে বরাদ্দকৃত ১৯৯.৬৭২ লক্ষ টাকা দ্বারা মোট ১৫৯টি সোলার বাতি স্থাপনের কথা থাকলেও ১০% কম মূলে দরপত্র গৃহিত হওয়ায় সে অর্থ দ্বারা নতুনভাবে ১৭টি লাইটসহ মোট (১৫৯+১৭)=১৭৬ টি বাতি স্থাপন করা হয়েছে মর্মে সূত্রস্থ পত্রে উল্লেখ করা হয়েছে। অপরদিকে প্রকল্পের ৪র্থ কিস্তির অর্থ ছাড়ের পরিদর্শন প্রতিবেদন অদ্যাবধি পাওয়া যায়নি। বিধায়, প্রকল্পের ৪র্থ কিস্তির অর্থ ছাড়ের প্রস্তাব বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টে প্রেরণের পূর্বে প্রকল্পের অনুকূলে ১৫৯টি সোলার বাতির সাথে আরো ১৭টি বাতি স্থাপন করা হয়েছে কিনা সে সংক্রান্ত তথ্যাদি পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী এর নিকট হতে সংগ্রহ করা প্রয়োজন।

০৩। এমতাবস্থায়, বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে রাজশাহী জেলার তাহেরপুর পৌরসভা কর্তৃক বাস্তবায়নাধীন “জলবায়ু পরিবর্তনজনিত প্রভাব মোকাবেলার জন্য তাহেরপুর পৌর এলাকায় সৌর বিদ্যুতায়িত সড়ক বাতি স্থাপন” শীর্ষক প্রকল্পের ৪র্থ কিস্তির অর্থ ছাড়করণের লক্ষ্যে ডিপিপি অনুযায়ী ১৫৯ টি সোলার বাতির সাথে আরো ১৭টি সোলার বাতি অতিরিক্ত স্থাপন করা হয়েছে কিনা সে সংক্রান্ত তথ্যাদিসহ স্থানীয় সরকার বিভাগের ২২/০৩/২০২১ তারিখের ৩০১ নং পত্রের আলোকে চাহিত প্রকল্প পরিদর্শন প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



১৩-৯-২০২১

মোহাম্মদ ফারুক হোসেন  
উপসচিব

পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: ৯৫১৪১৪২

স্থানীয় সরকার


বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০৬৩.১৪.০৫৭.১৯.৮০৪/১(৩)

তারিখ: ২৮ ভাদ্র ১৪২৮  
১২ সেপ্টেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
- ২) মেয়র, তাহেরপুর পৌরসভা, রাজশাহী।
- ৩) সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, স্থানীয় সরকার বিভাগ



১৩-৯-২০২১

মোহাম্মদ ফারুক হোসেন  
উপসচিব